দৈনিক
ইনকিলাব

তারিখ 24 APR 200
পৃষ্ঠা ৩ কলাম ৬



# জনৈতিক অঙ্গীকার নিশ্চিত করতে পারলেই শিক্ষাক্ষেত্রে সফলতা অর্জন সম্ভব

## ক্ষার চালচিত্র' প্রাক-সম্প্রচার অনুষ্ঠানে উপদেষ্টা রাশেদা কে চৌধুরী

রিপোর্টার : রাজনৈতিক অঙ্গীকার করতে পারলেই শিক্ষাক্ষেত্রে সফলতা সম্ভব হবে। আমাদের দেশে ক্ষেত্রে ছেলে-মেয়ে সমতা আনার ক প্রতিটি সরকারই গুরুত্ব দিয়েছে। । মূলধারার শিক্ষা ব্যবস্থার ত্রুটিগুলো । উচিত'।

(বুধবার) সিরডাপ মিলনায়তনে তা অভিযান, সুজন ও ইমপ্রেস আয়োজিত 'শিক্ষার চালচিত্র' প্রাক-অবহিতকরণ অনুষ্ঠানে প্রাথমিক ও মন্ত্রণালয়ের উপদেষ্টা রাশেদা কে একথা বলেন। অধ্যাপক ড. মোজাফফর আহমদ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশিষ্ট শিক্ষাবিদ মনিরুজ্জামান মিঞা, চ্যানেল আই-এর প্রধান বার্তা সম্পাদক শাইখ সিরাজ, সুশাসনের জন্য নাগরিক (সুজন)-এর সম্পাদক বদিউল আলম মজুমদার, গণসাক্ষরতা অভিযানের ভারপ্রাপ্ত পরিচালক মুহাম্মদ আজিজুল হক, কার্যক্রম ব্যবস্থাপক সৈয়দ-উল-আলম কাজল প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে উপদেষ্টা রাশেদা কে চৌধুরী আরো বলেন, বর্তমানে শিক্ষার অবস্থা নিয়ে ইমপ্রেস টেলিফিল্ম প্রতি সপ্তাহে মঙ্গল এবং বৃহস্পতিবার সন্ধ্যা ৬টা ২০ মিনিটে একটি প্রোগ্রাম সম্প্রচার করবে চ্যানেল আইতে। এ প্রোগ্রামের প্রাক-সম্প্রচার অনুষ্ঠান ছিল গতকাল।

অনুষ্ঠানে শিক্ষাবিদ মনিরুজ্জামান মিঞা বলেন, এদেশকে দারিদ্র্যমুক্ত করতে হলে শিক্ষাকে সর্বব্যাপ্ত করতে হবে। তিনি বলেন, মিডিয়ার মাধ্যমে একই সাথে তথ্য শিক্ষার্থী, শিক্ষক এবং অভিভাবকের মাঝে পৌঁছে দেয়া সম্ভব। বর্তমান শিক্ষার চালচিত্র জনসাধারণের কাছে তুলে ধরার ক্ষেত্রে এ অনুষ্ঠানটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে মনে করেন তিনি।

অনুষ্ঠানে চ্যানেল আই-এর প্রধান বার্তা সম্পাদক শাইখ সিরাজ বলেন, কেবল বিনোদনই নয়, সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিকসহ বিভিন্ন বিষয়ে মিডিয়ার গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে। তিনি বলেন, ওয়াচডগের ভূমিকা পালন করতেই চ্যানেল আই শিক্ষার চালচিত্র অনুষ্ঠানটি করছে।

অনুষ্ঠানে উদ্যোক্তারা জানান, চ্যানেল আইতে আগামী ৬ মে থেকে শিক্ষার চালচিত্র অনুষ্ঠানটি সম্প্রচার করা হবে।